# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৫ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

১. ▶ প্রাকৃতিক ভূগোল, ভূগোল শাস্ত্রের একটি অন্যতম পুরাতন ক্ষেত্র। প্রকৃতির দেওয়া পরিবেশ নিয়েই প্রাকৃতিক পরিবেশ যা প্রাকৃতিক ভূগোলে অধ্যয়ন করা হয়। আকাশ, বাতাস, পাহাড়, পর্বত, মাটি, পানি, গাছপালা, নিম্নভূমি, হ্রদ, নদী, পশুপাখি এসবই প্রকৃতির দান।

ক. প্রাকৃতিক ভূগোলের সংজ্ঞা দাও। ১

খ. প্রাকৃতিক ভূগোলের উপাদানগুলোর নাম লিখ। ২

গ. প্রাকৃতিক ভূগোলের বিষয়বস্তু আলোচনা কর। ৩

ঘ. প্রাকৃতিক ভূগোল অধ্যয়নের গুরুত্ব লিখ। ৪

২. ▶ ভূমিরূপ শব্দটি ভূগোল শাস্ত্রে অত্যন্ত ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। ভূমিরূপ বলতে তাৎক্ষণিকভাবে ভূ-পৃষ্ঠের অবস্থাকে বুঝায়। ভূ-পৃষ্ঠের গঠন সর্বত্র সমান নয়। প্রতিনিয়ত ভূত্বকের পরিবর্তন সাধনে ভূমিক্ষয়, ভূমিধ্বস ও নদীর ক্ষয়জাত ভূমিরূপগুলো প্রত্যক্ষ প্রমাণ রেখে যাচ্ছে।

ক. আগ্নেয়গিরি কাকে বলে? ১

খ. আগ্নেয়গিরির শ্রেণিবিভাগ কর। ২

গ. নদীর সঞ্চয়জাত ভূমিরূপগুলো বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের ভূমিক্ষয় প্রতিরোধের উপায়গুলো বর্ণনা কর। ৪

৩. ▶ আমাদের এ পৃথিবী নানা প্রকার গ্যাসীয় উপাদান দ্বারা গঠিত। আর এসব গ্যাসীয় উপাদানের নাম বায়ু। আর এ বায়ু পৃথিবীর চারপাশে বেষ্টন করে আছে। এটি পৃথিবীর একটি অবিচ্ছেদ্য অংশ। বায়ুমণ্ডল জীবের অস্তিত্বকে টিকিয়ে রাখছে।

ক. বায়ুমণ্ডল কাকে বলে? ১

খ. বায়ুমণ্ডলের স্তরবিন্যাস বর্ণনা কর। ২

গ. বায়ুর উপাদানগুলোর নাম লিখ। ৩

ঘ. মানবস্বাস্থ্যের উপর বায়ুদূষণের প্রভাব বর্ণনা কর। ৪

Teachingbd.com

৪.▶জলবায়ু একটি অঞ্চল বা স্থানের দীর্ঘ সময়ব্যাপী দৈনন্দিন আবহাওয়ার সাধারণ অবস্থা। পৃথিবীর কোন কোন অঞ্চলের জলবায়ু নাতিশীতোষ্ণ আবার কোনো কোনো অঞ্চলের জলবায়ু শীতল। অর্থাৎ অঞ্চলভেদে ভিন্নতা পরিলক্ষিত হয়। এটি মানুষের দৈনন্দিন কর্মকাণ্ডের উপর দারুণ প্রভাব বিস্তার করে।

ক. জলবায়ু কাকে বলে? ১

খ. জলবায়ুর উপাদানগুলোর নাম লিখ। ২

গ. বৃষ্টিপাতের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৩

ঘ. ভূপৃষ্ঠের উপর বায়ুর তাপের তারতম্যের কারণগুলো বর্ণনা কর। ৪

৫.▶পৃথিবীতে জলভাগের এতো বিপুল ব্যাপ্তির জন্য মহাকাশ থেকে পৃথিবীকে দেখলে মনে হবে একটি জলপূর্ণ গ্রহ। এ পৃথিবীর মানচিত্রের দিকে লক্ষ্য করলে দেখা যায় যে, উপসাগর, সাগর, মহাসাগর এরা প্রত্যেকেই এক অবিচ্ছেদ্য অংশরূপে অবস্থান করেছে।

ক. বারিমণ্ডল বলতে কী বুঝ? ১

খ. আয়তন অনুসারে মহাসাগরগুলোর নাম লিখ। ২

গ. মহাসাগরের তলদেশের ভূমিরূপ বর্ণনা কর। ৩

ঘ. পানিচক্রের গুরুত্ব আলোচনা কর। ৪

৬.▶পৃথিবীর ও তার পরিমণ্ডলের একটি সীমিত অঞ্চলে প্রাণের অস্তিত্ব পাওয়া যায়। পৃথিবী ছাড়া সৌরজগতের আর কোথাও জীবের অস্তিত্ব নেই। পৃথিবীর জলে-স্থলে আকাশসীমায় সব জায়গায় এ জীব বসবাস করে।

ক. জীবমণ্ডল বলতে কী বুঝ? ১

খ. বাংলাদেশের বনজ সম্পদের শ্রেণিবিভাগ কর। ২

গ. একটি পুকুরের ইকোসিস্টেম বর্ণনা কর। ৩

ঘ. নাইট্রোজেন চক্র বর্ণনা কর। ৪

teachingbd.com

# ভূগোল: প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ২ ৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ভূগোলের কোন শাখায় প্রাণ ও পরিবেশের মিথস্ক্রিয়া পর্যালোচনা করা হয়?
ক) সমুদ্র বিদ্যা খ) জলবায়ু বিদ্যা
গ) ভূমিরূপবিদ্যা ঘ) বাস্তুবিদ্যা

২. বায়ুমন্ডল জীবমন্ডলের জীব সমূহের কোন চাহিদা মেটায়?
ক) বায়বীয় পদার্থ খ) জৈব পদার্থ
গ) জড় পদার্থ ঘ) রাসায়নিক পদার্থ

৩. গুরুমন্ডলের সিমা স্তরের নামকরণ করেন কে?
ক) আর্থার হোমস খ) জেফারসন
গ) সুয়েস ঘ) ওয়েগনার

৪. নিচের কোনটি বারিমন্ডলের আলোচ্য বিষয় নয়?
ক) সমুদ্র তরঙ্গ খ) জোয়ার ভাটা
গ) বৃষ্টিপাত ঘ) পানিপ্রবাহের কার্য

৫. ভূ-গর্ভস্থ পানি কোথায় উৎপন্ন হয়ে থাকে?
ক) সছিদ্র শিলাস্তরে খ) প্রবেশ্য শিলাস্তরে
গ) অপ্রবেশ্য শিলাস্তরে
ঘ) সছিদ্র ও প্রবেশ্য শিলাস্তরে

৬. ভূ-পৃষ্ঠ হতে পৃথিবীর অভ্যন্তরে অশ্মমন্ডলের গভীরতা কত?
ক) ১৩ কি: মি: খ) ২৮ কি: মি:
গ) ৫৬ কি: মি: ঘ) ৬০ কি: মি:

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের ফলে বলিভিয়ার আল্টিপানের বিস্তীর্ণ এলাকায় নতুন ভূমিরূপের সৃষ্টি হয়েছে। যা আন্দিজ পর্বতের পুনার সমজাতীয় এবং এর উপরিভাগ অপেক্ষাকৃত উঁচু ও সমান।

৭. উদ্দীপকে কোন জাতীয় ভূমিরূপের উল্লেখ করা হয়েছে?
ক) আগ্নেয় সমভূমি খ) আগ্নেয় মালভূমি
গ) পর্বত বেষ্টিত মালভূমি
ঘ) পাদদেশীয় সমভূমি

৮. উদ্দীপকে উল্লিখিত ভূমিরূপটির ক্ষেত্রে কোনটি সঠিক-
i. কৃষিকাজের উপযোগী
ii. প্রতিকূল আবহাওয়া
iii. বিরল জনবসতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. একই ধরনের বৈশিষ্ট্য সম্পন্ন পর্বত—
i. ভারতের পশ্চিমঘাট ii. আরাবল্লী
iii. কেওক্রাডং
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. ১৭৮৭ সালের ভূমিকম্পের ফলে নিচের কোন নদীর গতিপথ পরিবর্তিত হয়?
ক) পদ্মা খ) মেঘনা
গ) তিস্তা ঘ) ব্রহ্মপুত্র

১১. চ্যুতি সৃষ্টির ফলে মধ্যবর্তী ভূভাগ উত্থিত হয়ে যে ভূমিরূপ সৃষ্টি করে?
ক) স্রস্ত উপত্যকার খ) স্তূপ প্রায় হ্রাস
গ) ভাঁজ পর্বত ঘ) প্লাবন সমভূমি

১২. প্লেটের গতির জন্য দায়ী
i. পরিচলন স্রোত ii. ভূমিকম্প
iii. ঘনত্বের তারতম্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. বৃষ্টিতে পানি হতে কোন জাতীয় গ্যাস দ্রবীভূত হয়?
ক) নাইট্রোজেন ডাই অক্সাইড খ) হাইড্রোজেন গ্যাস
গ) কার্বন মনোঅক্সাইড ঘ) কার্বন ডাই অক্সাইড

১৪. বাংলাদেশের পাহাড়ি অঞ্চলে ভূমিক্ষয়ের অন্যতম কারণ কোনটি?
ক) বন উজাড়করণ খ) পাহাড়ি ঢল
গ) পাহাড় ধ্বংস ঘ) অতিরিক্ত পানি প্রবাহ

১৫. নদীর কোন গতিতে উলম্বক্ষয় অধিক হয়?
ক) প্রাথমিক গতি খ) মধ্যম গতি
গ) সর্বশেষ গতি ঘ) বার্ধক্য গতিতে

১৬. কত সালে পরিবেশ সংরক্ষণ নীতি পাশ হয়?
ক) ১৯৯৩ খ) ১৯৯৫
গ) ১৯৯৭ ঘ) ২০০০

১৭. কোনটি সহজে উত্তপ্ত ও শীতল হয়?
ক) কঠিন শিলা খ) প্রস্তর শিলা
গ) পাললিক শিলা ঘ) আগ্নেয়শিলা

১৮. কর্কটক্রান্তি রেখা হতে ৬৬.৫ ডিগ্রি উত্তরে বিস্তৃত অঞ্চলকে কী বলে?
ক) গ্রীষ্ম মন্ডল খ) হিম মন্ডল
গ) দক্ষিণ নাতিশীতোষ্ণ মন্ডল
ঘ) উত্তর নাতিশীতোষ্ণ মন্ডল

১৯. কোন স্তরটি সমমন্ডলের অন্তর্গত নয়?
ক) স্ট্রাটোস্ফিয়ার খ) ট্রপোস্ফিয়ার
গ) আয়নোস্ফিয়ার ঘ) ওজনোস্ফিয়ার

২০. স্থানীয় বায়ু সৃষ্টির কারণ হিসেবে বিবেচিত—
i. জলবায়ু ii. ভূ-প্রকৃতি
iii. ভৌগোলিক অবস্থান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

২১. কোন অঞ্চলের শূণ্যস্থান পূরণের জন্য উচ্চচাপ অঞ্চল হতে নিম্নচাপ অঞ্চলের দিকে কোন বায়ু প্রবাহিত হয়?

ⓚ উষ্ণ ও ভারী বায়ু ⓚ উষ্ণ ও হালকা বায়ু
ⓖ শীতল ও ভারী বায়ু ⓖ শীতল ও হালকা বায়ু

(ক) উষ্ণ ও ভারী বায়ু (খ) উষ্ণ ও হালকা বায়ু
(গ) শীতল ও ভারী বায়ু (ঘ) শীতল ও হালকা বায়ু

২২. পৃথিবীর উপরিভাগে কোন ধরনের পানির পরিমাণ সর্বাধিক?

(ক) হ্রদের পানি (খ) স্বাদু পানি
(গ) লবণাক্ত পানি (ঘ) বরফ

২৩. কোন হ্রদটি আফ্রিকা মহাদেশে অবস্থিত?

(ক) বৈকাল (খ) কাস্পিয়ান সাগর
(গ) ভিক্টোরিয়া হ্রদ (ঘ) গ্রেট স্লেভ

২৪. আগুলহাস স্রোত কোন মহাসাগরে দেখা যায়?

(ক) উত্তর প্রশান্ত মহাসাগর
(খ) দক্ষিণ প্রশান্ত মহাসাগর
(গ) উত্তর আটলান্টিক মহাসাগর
(ঘ) দক্ষিণ আটলান্টিক মহাসাগর

২৫. সপ্তমী তিথিতে কোনটি ঘটে?

(ক) মুখ্য জোয়ার হয় (খ) গৌণ জোয়ার হয়
(গ) ভরা কটাল হয় (ঘ) মরা কটাল হয়

২৬. আন্দামান সাগর কোন মহাসাগরে অবস্থিত?

(ক) প্রশান্ত মহাসাগর (খ) ভারত মহাসাগর
(গ) উত্তর আটলান্টিক মহাসাগর
(ঘ) দক্ষিণ আটলান্টিক মহাসাগর

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দ



চিত্র-১ চিত্র-২

২৭. চিত্র-২ এ কোন ধরনের বৃষ্টিপাত হয়?

(ক) বায়ুপ্রবাহ জনিত
(খ) সংঘর্ষ বৃষ্টিপাত
(গ) শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত
(ঘ) ঘূর্ণিবাত

২৮. চিত্র-১ কোন জাতীয় বৈশিষ্ট্য বিদ্যমান—

i. ঋতু ভিত্তিক বৃষ্টিপাত হয়
ii. ১৫-৮৫ ডিগ্রি অক্ষাংশের বৃষ্টিপাত হয়
iii. অনুবাত পাশে অধিক বৃষ্টিপাত হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. উপসাগরীয় স্রোত যুক্তরাষ্ট্রের পূর্ব উপকূল দিয়ে অগ্রসর হয়ে কোন অন্তরীপের নিকট দিয়ে প্রবাহিত হয়?

(ক) হর্ণ অন্তরীপ (খ) সেন্টরক অন্তরীপ
(গ) সেন্ট হ্যাটার্স অন্তরীপ
(ঘ) উত্তমাশা অন্তরীপ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:

রনি ফুটবলের একজন নিয়মিত দর্শক। সে বিশ্বকাপে স্পেন এবং ক্লাব ফুটবলে বার্সেলোনার একজন সমর্থক। সে তার ভূগোল স্যারের নিকট উক্ত দেশের জলবায়ু সম্পর্কে বিস্তারিত জানতে পারল।

৩০. রনির সমর্থিত দেশটি কোন জলবায়ুর অন্তর্গত?

(ক) নিরক্ষীয় জলবায়ু (খ) মৌসুমী জলবায়ু
(গ) নাতিশীতোষ্ণ জলবায়ু (ঘ) ভূমধ্যসাগরীয় জলায়ু

৩১. উদ্দীপকে উল্লেখিত জলবায়ু অঞ্চলের বৈশিষ্ট্য কোনটি—

i. গড় তাপমাত্রা ১০ ডিগ্রী
ii. শীতকালে বৃষ্টিপাত হয়
iii. গ্রীষ্মকালে শুষ্ক থাকে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:

রফিকের বাড়ি বগুড়া। সে তার বন্ধুর সাথে দেশের দক্ষিণাঞ্চলের একটি শহরে বেড়াতে গেল। সেখানে গিয়ে সে দেখল সেখানকার ঘরবাড়িগুলো এক বিশেষ ধরনের পাতা দিয়ে তৈরি যা ঐ এলাকার বনভূমিতে জন্মালেও দেশের অন্যান্য কোন অঞ্চলে জন্মায় না।

৩২. রফিকের ভ্রমণকৃত এলাকাটি কোন জেলায় অবস্থিত?

(ক) কুষ্টিয়া ও সাতক্ষীরা (খ) বরিশাল ও খুলনা
(গ) খুলনা ও সাতক্ষীরা (ঘ) বাগেরহাট ও সাতক্ষীরা

৩৩. রফিকের নিজ এলাকার সাথে ভ্রমণকৃত এলাকার বৈসাদৃশ্য কোনটি?

i. বায়ুর আর্দ্রতার তারতম্য
ii. মাটির গঠনগত বৈশিষ্ট্য
iii. সমুদ্র পৃষ্ঠ থেকে উচ্চতার তারতম্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৪. চাঁদ, সূর্য এবং পৃথিবী সমসূত্রে অবস্থান করে—

i. পূর্ণিমা তিথীতে ii. অমাবস্যা তিথীতে
iii. অষ্টমী তিথীতে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৫. কোনটি বিয়োজক ছত্রাক?

(ক) Haddock (খ) Polypores
(গ) Halibut (ঘ) Gramineae

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | ক | | | | | | | | | | |

http://teachingbd.com